# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২

**বিষয়ঃ মাসিক ইনোভেশন সভার কার্য বিবরণী**

তারিখঃ ০৬-০৯-২০১৬ খ্রিঃ
স্থানঃ পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এর দপ্তর
সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকা
সভাপতিঃ ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা)
উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট ''ক'' এ সংযুক্ত।

ইনোভেশন টিমের সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। প্রতিষ্ঠানের ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনায় পূর্ববর্তী সভার (১৫.০৬.২০১৬ খ্রিঃ) সিদ্ধান্তসমূহ এবং ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পণা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। এছাড়া আগামী ১৯-২১ অক্টোবর ২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ তে অংশগ্রহণের নিমিত্তে কৃষি মন্ত্রণালয়ে ০৪/০৯/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার বিষয় সম্পর্কে সম্মানিত সদস্যগণকে অবহিত করা হয়।

প্রতিষ্ঠানের ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত আলোচনায় নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**১. পূর্ববর্তী সভার (১৫.০৬.২০১৬ খ্রিঃ) সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

| ক্রমিক নং | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | বর্তমানে বিনা'র ICT সেলের কোন জনবল না থাকায় উক্ত ICT সেলের জনবল বৃদ্ধিসহ দ্রুত নিয়োগ দেয়া প্রয়োজন। | গত ২১.০৩.২০১৬ খ্রিঃ তারিখে মাসিক সমন্বয় সভায় এ ব্যাপারে প্রস্তাব পেশ করা হলে ICT সেলের জন্য বর্তমান অনুমোদিত ০৩ টি পদ যথেষ্ট নয় বিধায় মহাপরিচালক মহোদয় অন্যান্য বিভাগের ন্যায় ICT সেলকে বিভাগে রূপান্তরের জন্য বিনা'র অর্গানোগ্রামে জনবল সৃজন করে দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রস্তাবনা প্রেরণের জন্য ইনচার্জ, পরিকল্পনা ও উন্নয়ন কোষ-কে নির্দেশ প্রদান করেন। | ICT সেলের জনবল নিয়োগ এবং অন্যান্য বিভাগের ন্যায় ICT সেলকে বিভাগে রূপান্তরের জন্য বিনা'র অর্গানোগ্রামে জনবল সৃজন করে মহাপরিচালক বরাবর উপস্থাপনের সিদ্ধান্ত পুণরায় গৃহীত হয়। | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এবং ইনচার্জ, পরিকল্পনা ও উন্নয়ন কোষ |
| ২ | মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে ৫০ কোটি টাকার নিম্নে সকল ক্রয় ই-টেন্ডারিং সিস্টেমে সম্পাদনের জন্য প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করা। | ই-টেন্ডারিং সিস্টেমে ক্রয় কার্যক্রম সম্পাদনের জন্য বিনা'র জন্য CPTU কর্তৃক org.admin create করা হয়েছে।নিজস্ব মেইল ডোমেইনে CPTU এর নির্দেশনা অনুযায়ী Ex-Officio দের ই-মেইল আইডি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে খোলা হয়েছে। সর্বশেষ ৫ দিনব্যাপী user প্রশিক্ষণের জন্য CPTU এ পত্র প্রেরণ করা হয়েছে। | ই-টেন্ডারিং সিস্টেম শীঘ্রই চালু করার ব্যাপারে বিশেষত user প্রশিক্ষণের জন্য নির্বাহী প্রকৌশলী মহোদয় সিপিটিইউ-এর সহিত সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন। | প্রকৌশল শাখা |

| ক্রমিক নং | পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে আলোচনা | বাস্তবায়ন অগ্রগতি | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩ | বিনা'র প্রধান করিডোরে হেল্প ডেস্ক (Help desk) স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | বিনা'র প্রধান করিডোরে ইতিমধ্যেই হেল্প ডেস্ক (Help desk) স্থাপন করা হয়েছে। | হেল্প ডেস্ক (Help desk) এর জন্য প্রয়োজনীয় জনবল দ্রুত নিয়োগ করার সিদ্ধান্ত পুণরায় গৃহীত হয়। | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) |
| ৪ | শ্রমিক ও আনসারদের বেতন বিল অন-লাইনে পরিশোধের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য আলোচনা হয়। | সংশ্লিষ্ট IT সর্ম্পকিত ফার্মে প্রাক্কালন চেয়ে পত্র লিখা হয়েছিল এবং তিনটি IT ফার্ম থেকে প্রাক্কালন সহ প্রস্তাব পাওয়া গিয়েছিল। সর্বনিম্ন প্রাক্কালন দাতার কার্যাদেশ অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। অফিস কর্তৃক পরবর্তীতে পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয় | অফিস কর্তৃক সিদ্ধান্ত গৃহিত হলে পরবর্তীতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে অন-লাইনে শ্রমিক ও আনসারদের বেতন বিল পরিশোধের ব্যবস্থা নেয়া হবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম ও প্রশাসন শাখা |
| ৫ | কৃষি প্রযুক্তি ভান্ডারে বিনা উদ্ভাবিত প্রযুক্তি সংযুক্ত করা। | বিনা উদ্ভাবিত প্রযুক্তি সমূহ কৃষি প্রযুক্তি ভান্ডারে আপলোড করার জন্য বারির সহিত যোগাযোগ করা হয়েছে। তথ্য নির্ধারিত ছকে প্রেরণের জন্য বারি'র ফোকাল পয়েন্ট জানিয়েছেন। বিনার জন্য "প্রযুক্তি ভান্ডারের" পরবর্তী ভার্সানে স্লট রাখা হবে। | বিনা উদ্ভাবিত প্রযুক্তি সমূহ 'কৃষি প্রযুক্তি ভান্ডারে' দ্রুত আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তথ্য নির্ধারিত ছকে প্রেরনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম |

২. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | (ক)**বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট** সম্পর্কিত ফেজবুক পেজ খোলা এবং ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট এডমিন কমিটির নাম প্রস্তাব করা হয় (পরিশিষ্ট ''খ'' এ সংযুক্ত)। কমিটি অনুমোন সাপেক্ষে বিনার যাবতীয় সামাজিক মাধ্যমের (সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬) কর্মকান্ড পরিচালনা করবেন। | প্রশাসন শাখা, সামাজিক যোগাযোগ এর এডমিন কমিটি |
| | (খ) ই-ফাইলিং চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। ই-ফাইলিং চালু করার জন্য বিনা হতে working organogram ও E-file এ স্বাক্ষরকারী কর্মকর্তাদের তালিকা সহ বিনা হতে ২ জন প্রশিক্ষণের মনোনয়ন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে (A2I) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক মহোদয়ের অনুমোদন পূর্বক পরিকল্পনা শাখা ও ইলেক্ট্রনিক্স শাখা |
| | (গ) বিনা প্রধান কার্যালয়ে অন-লাইন অভিযোগ নিস্পত্তির ব্যাবস্থা করা। | ইলেক্ট্রনিক্স শাখা ও প্রশাসন শাখা |
| ২.২ | ই-সেবা দেয়ার জন্য ইলেক্ট্রনিক্স শাখাকে সকল প্রকার সহায়তা (Logistic support) দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) |

৩. নতুন অলোচ্য বিষয় সংযোজন, উপস্থাপন এবং সিদ্ধান্ত গ্রহণঃ

| ক্রমিক নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | বিনাতে ২ দিন ব্যপী উদ্ভাবণী কর্মশালা আয়োজন করার জন্য যোগাযোগ এবং পত্র প্রেরনের ব্যবস্থা নেওয়া। | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খোন্দকার শামসুল আরেফিন)
এসএসও এবং সদস্য, ইনোভেশন টিম

(ড. মোঃ মনোয়ার করিম খান)
পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) এবং
সভাপতি, ইনোভেশন টিম

# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট

বাকৃবি চত্বর, ময়মনসিংহ।

অদ্য ০৬/০৯/২০১৬খ্রিঃ তারিখ ইনোভেশন কমিটির সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (প্রশিঃ ও পরিঃ)<br>সভাপতি, ইনোভেশন কমিটি | |
| ২। | ড. মংগল চন্দ্র চন্দ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>সদস্য, ইনোভেশন কমিটি | |
| ৩। | ড. মির্জা মোফাজ্জল ইসলাম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>সদস্য, ইনোভেশন কমিটি | |
| ৪। | খোন্দকার শামসুল আরেফীন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>সদস্য, ইনোভেশন কমিটি | |
| ৫। | মোহাম্মদ আসাদ উল্লাহ, বৈজ্ঞানিক কর্মকর্তা<br>সদস্য, ইনোভেশন কমিটি | |
| ৬। | মোঃ মাহবুবুল হাসান<br>সদস্য, ইনোভেশন কমিটি | |
| | | |

পরিশিষ্ট ''খ''

## বিনার সামাজিক মাধ্যমে যোগাযোগের প্রস্তাবিত এডমিন কমিটি

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | ড. মোঃ ইব্রাহিম খলিল, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ | সভাপতি |
| ২। | মোহাম্মদ আসাদ উল্লাহ, বৈজ্ঞানিক কর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়ন কোষ | সদস্য |
| ৩। | মোঃ মাহবুবুল হাসান, বৈজ্ঞানিক কর্মকর্তা, ইলেক্ট্রনিক্স শাখা | সদস্য |
| ৪। | মোঃ ইমদাদুল হক, বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা ও সম্প্রসারন বিভাগ | সদস্য |
| ৫। | মোঃ মহসীন আলী সরকার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি অর্থনীতি বিভাগ | সদস্য-সচিব |